



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ১৪তম সিএসই ডে-২০২৩
অনুষ্ঠিত



২৩ ফেব্রুয়ারি ২০২৩-বৃহস্পতিবার কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১৪তম সিএসই ডে-২০২৩ উপলক্ষে সিএসই সহ বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের প্রোগ্রামিং কনটেস্ট, আইটি কুইজ, প্রজেক্ট প্রদর্শনসহ র্যালি অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. উজ্জ্বল কুমার আচার্য এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান। এসময় সিএসই বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষার্থী, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।